

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
হাসপাতাল ও ক্লিনিক শাখা  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা

স্মারক নং-স্বাঃঅধিঃ/হাসঃ/জরুরী চিকিৎসা/২০২০/ ৪৮৬

তারিখঃ ২৫-০৩-২০২০খ্রি.

**বিষয়ঃ COVID-19 আক্রান্ত রোগীদের চিকিৎসা বিষয়ক জরুরী নির্দেশনা সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস আক্রান্ত রোগীদের চিকিৎসা জনিত জটিলতা মোকাবেলার জন্য নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ কঠোরভাবে মেনে চলার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

**নির্দেশনাসমূহঃ**

- (ক) সরকারী ও বেসরকারী সকল হাসপাতাল কর্তৃপক্ষ ও চিকিৎসক কোনো রোগীকে চিকিৎসা প্রদানে অস্বীকৃতি জ্ঞাপন করতে পারবেন না।
- (খ) যদি কোন রোগীর COVID-19 লক্ষণ থাকে তবে প্রথম চিকিৎসক প্রাথমিক চিকিৎসা দিবেন এবং প্রয়োজনে PPE পরিধানকৃত ২য় চিকিৎসকের কাছে প্রেরণ করিবেন এবং তিনি PPE পরিহিত অবস্থায় রোগীকে চিকিৎসা সেবা প্রদান করিবেন।
- (গ) জেলা পর্যায়ে সদর হাসপাতাল এবং তদুর্ধ্ব সকল হাসপাতালে ১টি এ্যাম্বুলেন্স করোনা আক্রান্ত রোগী পরিবহনের কাজে (ড্রাইভার ও PPE সহ) নির্দিষ্ট করতে হবে এবং উক্ত এ্যাম্বুলেন্সটি কোন ভাবেই সাধারণ রোগী পরিবহনের কাজে ব্যবহার করা যাবে না।

**বিষয়টি অতীব জরুরী**

*U. A. Hasan* ২৫/০৩/২০২০  
(ডাঃ মোঃ আমিনুল হাসান)

পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ)  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২

Email:directorhospital@ld.dghs.gov.bd

ফোন: ০২-৫৫০৬৭১৫০ ফ্যাক্স নং: ৫৫০৬৭১৫১

**বিতরণঃ**

- ১। মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)
- ২। বিশেষায়িত হাসপাতাল (সকল)
- ৩। তত্ত্বাবধায়ক সদর হাসপাতাল (সকল)
- ৪। সিভিল সার্জন কাম-তত্ত্বাবধায়ক (সকল)
- ৫। সিভিল সার্জন (সকল)
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)

**অনুলিপিঃ**

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (দৃঃআঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃআঃ উপ-পরিচালক, সমন্বয়)
- ৩। অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত মহা-পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। অতিরিক্ত মহা-পরিচালক (পরিকল্পনা ও গবেষণা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। পরিচালক (স্বাস্থ্য) সকল বিভাগ।
- ৭। অফিস কপি।